ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭১৪

বিলোনীয়া, ৩ সেপ্টেম্বর, ২০২৫

**দুর্গাপূজা নিয়ে বিলোনীয়ায় সভা অনুষ্ঠিত**

গতকাল বিলোনীয়া মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে আসন্ন দুর্গাপূজা নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ। উপস্থিত ছিলেন মহকুমা শাসক দেবাশিস দাস, অতিরিক্ত মহকুমা শাসক আশিষ বিশ্বাস, মহকুমা শাসক কার্যালয়ের অন্যান্য আধিকারিকগণ, বিভিন্ন ব্লকের বিডিওগণ, বিভিন্ন দপ্তরের আধিকারিক সহ মহকুমার ক্লাব ও পূজা সংস্থার প্রতিনিধিগণ। সভায় মহকুমা শাসক পূজার আয়োজনে এবং বিসর্জনের সরকারি সমস্ত নিয়মকানুন বিস্তারিতভাবে আলোচনা করেন। পাশাপাশি পূজার প্যান্ডেলগুলিতে আলো, হাওয়া প্রবেশের পর্যাপ্ত ব্যবস্থা রাখা, স্বেচ্ছাসেবক বাহিনী রাখা, সিকিউরিটি মনিটরিং কমিটি গঠন করা, সচেতনতামূলক ব্যানার ব্যবহার করা, বরিষ্ঠ নাগরিকদের স্বাচ্ছন্দের দিকে নজর দেওয়া প্রভৃতি বিষয়ে ক্লাব কর্তৃপক্ষ ও পূজা সংস্থাগুলির প্রতি আবেদন রাখেন। তিনি আরও বলেন, আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে নির্ধারিত আবেদনপত্রে পূজা আয়োজনের অনুমতির জন্য ক্লাব ও সংস্থাকে আবেদন করতে হবে। বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ পূজার দিনগুলিতে যাতে শান্তি শৃঙ্খলা বজায় থাকে ও জনগণ আনন্দের সঙ্গে পূজা উপভোগ করতে পারে তার জন্য সকল ক্লাব ও সংস্থাগুলির সহযোগিতা কামনা করেন।

******